HISTORY MODEL QUESTION PAPER
HISTORY HONOURS
1ST SEMESTER
COURSE CODE: HISH/CC-T-1

- নীচের প্রশ্নের মান (২/৩) দুই/তিন।

1. প্রাগৈতিহাসিক যুগ কাকে বলে?
2. ঐতিহাসিক যুগ কাকে বলে?
3. প্রায়-ঐতিহাসিক যুগ কাকে বলে?
4. ভারতের প্রস্তর যুগকে কী কী ভাগে ভাগ করা হয়?
5. নব্য প্রস্তর যুগের বিপ্লব বলতে কী বোঝ?
6. ‘ ফ্লোক ইমপ্লিমেন্টস’ কী?
7. ‘সোয়ান সংস্কৃতি’ বলতে কী বোঝ?
8. তাম্রশ্মীয় যুগ কাকে বলে এবং কেন?
9. মেহেরগড় সভ্যতা আবিস্কারের গুরুত্ব কী?
10. কে, কবে ভারতে প্রাচীন প্রস্তর যুগের প্রস্তর হাতিয়ার আবিষ্কার করেন?
11. কে, কবে সর্বপ্রথম ‘নব-প্রস্তর’ কথাটি ব্যবহার করেন?
12. নব্য প্রস্তর যুগের প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ কর।
13. অন্ততঃ দুটি ভারতীয় কেন্দ্রের নাম উল্লেখ কর যেখানে পুরাতন প্রস্তর যুগের নির্দশন আবিস্কৃত হয়েছে।
14. প্রাগৈতিহাসিক ভারতে 10000 খৃঃপূঃ থেকে 4000 খৃঃ পূঃ সময়কাল কোন যুগ নামে পরিচিত?
15. প্রাচীন প্রস্তর যুগের মানুষের প্রধান জীবিকা কী ছিল?
16. ভারতে অন্তত দুটি প্রধান কেন্দ্রের নাম লেখ, যেখানে মধ্যপ্রস্তর যুগের নির্দশন পাওয়া গেছে।
17. নব্য প্রস্তর যুগের নিদর্শন কোথায় কোথায় পাওয়া গিয়েছিল?
18. ডোলমেন কী?
19. ভারতের উত্তর-পশ্চিম অংশ দিয়ে আগত দুটি বৈদেশিক উপজাতির নাম উল্লেখ কর।
20. সিন্ধি ভাষায় ‘হরপ্পা’ শব্দের অর্থ কী?
21. সিন্ধু সভ্যতাকে হরপ্পা সভ্যতা বলা হয় কেন?

22. সিন্ধু সভ্যতার প্রধান প্রধান কেন্দ্রগুলির নাম উল্লেখ কর।
23. সিন্ধু সভ্যতার সমসাময়িক দুটি অভারতীয় সভ্যতার নাম লেখ।
24. ‘সপ্তসিন্ধু’ বলতে কী বোঝ?
25. হরপ্পার বিখ্যাত ‘ নৃত্যরতা কন্যার’ মূর্তিতে কোন ধাতু ব্যবহৃত হয়েছিল?
26. বিশ্ব দরবারে হরপ্পা সভ্যতার অবদান কী ছিল?
27. কার্বন-১৪ পদ্ধতি কী?
28. বৈদিক সভ্যতাকে গ্রামীণ সভ্যতা বলার প্রধান কারণ কী?
29. বৈদিক যুগের চতুরাশ্রম বলতে কী বোঝ?
30. বর্ণ ও বর্ণাশ্রম কাকে বলে?
31. ঋক-বৈদিক যুগে সভা ও সমিতির প্রধান কার্যাবলী ব্যাখা কর।
32. ঋকবেদের কোন অংশে বিশ্ব ব্রহ্মাণ্ডের উৎপত্তি বর্ণনা করা হয়েছে?
33. ঋক বেদে উল্লেখিত ‘পাণি’ কারা ?
34. ব্রাত্য ও নিষাদ কারা?
35. ঋকবেদে রাজতন্ত্রের উদ্ভব কীভাবে হয়েছিল?
36. ষড়দর্শন কী?
37. দশরাজার যুদ্ধের গুরুত্ব কী ছিল?
38. ‘পুরুষসুক্ত’ কী?
39. ঋক বৈদিক দেবী অদিতি সম্পর্কে টীকা লেখ।
40. মল্ল এবং কম্বোজ এই মহাজনপদগুলির রাজধানীর নাম লেখ।
41. অঙ্গ এবং সুরসেন মহাজনপদ দুটির রাজধানীর নাম লেখ?
42. পতঞ্জলি এবং অশ্বঘোষ লিখিত বইয়ের নাম উল্লেখ কর।
43. ‘New Light on the Indus civilization’ গ্রন্থটির রচয়িতা কে?
44. জাতকের গল্পগুলি কোন ভাষায় লেখা হয়েছিল?
45. গৌতম বুদ্ধ কেন গৃহ পরিত্যাগ করেছিলেন?
46. বৌদ্ধধর্মে ‘মধ্যম পন্থা’ বলতে কী বোঝানো হয়েছে?
47. ‘ত্রিপিটক’ কী? এটি কোন ভাষায় রচিত?
48. ‘অষ্টাঙ্গিক মার্গ’ কী?
49. ‘গৃহী বিনয়’ কী?
50. ‘সর্বাস্তিবাদী’সম্প্রদায় কারা?
51. বিনয় পিটকের মূল বিষয়বস্তু উল্লেখ কর।
52. তীর্থঙ্কর কারা? প্রথম ও শেষ তীর্থঙ্করের নাম লেখ।
53. জৈন ধর্মের ত্রিরত্ন বলতে তুমি কী বোঝ?
54. ‘পঞ্চমহাব্রত’ কী?
55. জৈন ধর্ম কটি সম্প্রদায়ে বিভক্ত হয়েছিল? এদের বৈশিষ্ট্যগুলি লেখ।
56. পাটলিপুত্র কোন কোন নদী দ্বারা ঘেরা ছিল?
57. হর্ষঙ্ক এবং শুঙ্গ রাজবংশের প্রতিষ্ঠাতা কারা ছিলেন?
58. বিম্বিসার এবং অশোকের ধর্মবিশ্বাস উল্লেখ কর।
59. মহাপদ্মনন্দ ইতিহাসে বিখ্যাত কেন?

60. তামিল সাহিত্যে সঙ্গম যুগে তামিলনাড়ুতে আগত গ্রীকো-রোমান বণিকদের কী নামে অভিহিত করা হয়েছে?

- নীচের প্রশ্নের মান পাঁচ।
  1. প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান হিসেবে বিদেশি সাহিত্যের গুরুত্ব লেখ।
  2. প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান হিসেবে দেশীয় সাহিত্যের গুরুত্ব লেখ।
  3. প্রাচীন ও নব্য-প্রস্তর যুগের মধ্যে একটি তুলনামূলক টীকা লেখ।
  4. নিওলিথিক বিপ্লব সম্পর্কে টীকা লেখ।
  5. হরপ্পা ও বৈদিক সভ্যতার অর্থনৈতিক জীবন প্রণালীর মধ্যে তুলনা কর।
  6. হরপ্পা সভ্যতার ব্যবসা-বাণিজ্য সম্পর্কে টীকা লেখ।
  7. ভারতের ইতিহাসে হরপ্পা সভ্যতার অবদান আলোচনা কর।
  8. হরপ্পা সভ্যতার ধর্মীয় জীবনের প্রধান বৈশিষ্ট্যগুলি বর্ণনা কর।
  9. চারটি বেদের মূল বিষয়সমূহের উপর সংক্ষিপ্ত আলোকপাত কর।
  10. টীকা লেখ- ষোড়শ মহাজনপদ।
  11. মগধের উত্থানে অজাতশত্রুর ভূমিকা বিশ্লেষণ কর।
  12. বৌদ্ধ ও জৈন ধর্মের পার্থক্য লেখ।
  13. বৌদ্ধ-জৈন ধর্মের সাথে হিন্দু ধর্মের মৌলিক পার্থক্য সমূহ উল্লেখ কর।
  14. বৌদ্ধ ধর্মের দুটি সম্পদায়ের নাম ও প্রধান প্রধান বৈশিষ্ট্য আলোচনা কর।
  15. আজিবিক ধর্ম সম্পর্কে আলোচনা কর।

- নীচের প্রশ্নের মান (১০) দশ।
  1. প্রাচীন ভারতের ইতিহাসকে ব্যাখ্যা করার বিষয়ে জাতীয়তাবাদী ও বামপন্থী ঐতিহাসিকদের মধ্যে প্রচলিত বিতর্ক আলোচনা কর।
  2. প্রাচীন ভারতের ইতিহাসকে ব্যাখ্যা করার বিষয়ে জাতীয়তাবাদী ও সাম্রাজ্যবাদী ঐতিহাসিকদের মধ্যে প্রচলিত বিতর্ক আলোচনা কর।
  3. প্রাচীন ভারতের ইতিহাসের ব্যাখ্যা নিয়ে ধর্ম নিরপেক্ষ ও ধর্মপন্থী ঐতিহাসিক গোষ্ঠীর মধ্যে প্রচলিত বিতর্কগুলি চিহ্নিত কর।
  4. ভারতের প্রস্তর যুগকে কয় ভাগে ভাগ করা হয় ও কী কী? প্রত্যেক ভাগের বৈশিষ্ট্য আলোচনা কর।
  5. প্রাচীন ভারতের ইতিহাস রচনায় প্রত্নতাত্ত্বিক উপাদানের গুরুত্ব নির্ণয় কর।
  6. খৃষ্ট পূর্ব ষষ্ঠ শতকে ভারতে রাজনৈতিক কাঠামো বিশ্লেষণ কর।
  7. সিন্ধু-সভ্যতার সামাজিক ও অর্থনৈতিক জীবন ব্যাখ্যা কর।
  8. হরপ্পা সভ্যতার নগর পরিকল্পনার বিবরণ দাও। এই সভ্যতার পতনের কারণগুলি নির্ণয় কর।
  9. বৈদিক সাহিত্য সম্পর্কে একটি নিবন্ধ রচনা কর।
  10. ঋকবৈদিক যুগের সামাজিক,রাজনৈতিক,অর্থনৈতিক ও ধর্মীয় জীবনের পরিচয় দাও।

11. মহাবীর জৈন-এর জীবন ও কর্মপ্রণালীর মূল্যায়ন কর।
12. গৌতম বুদ্ধের জীবন ও বাণীর মূল্যায়ন কর।
13. বৌদ্ধ ধর্মকে কী তুমি প্রতিবাদী ধর্ম বলবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।
14. হিন্দুধর্ম ও বৌদ্ধধর্মের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ কর।
15. প্রতিবাদী ধর্ম আন্দোলনের উৎপত্তি সম্পর্কে আলোচনা কর।